



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
হোমনা, কুমিল্লা।
www.brdh.homna.cumilla.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

স্মারক নং- ৪৭.৬২.১৯৫৪.৮২৬.৫০.১২৬.২১.৩৪৪

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা কর্তৃক ১৪ অক্টোবর ২০২১ তারিখের ১৭.১০.১৯০০.০০০.৪১.০১১.২১-৯৩৩ নং প্রজ্ঞাপন মূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০ বিধি অনুযায়ী কুমিল্লা জেলার হোমনা উপজেলার ঘারমোড়া ও দুলালপুর ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি স্বপন চন্দ্র বর্মন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হোমনা, কুমিল্লা এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য কুমিল্লা জেলার হোমনা উপজেলার ঘারমোড়া ও দুলালপুর ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য ও সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া গণ-বিজ্ঞপ্তি জারি করিতেছি:

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ নভেম্বর ২০২১ খ্রি. (মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৪ নভেম্বর ২০২১ খ্রি. (বৃহস্পতিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১১ নভেম্বর ২০২১ খ্রি. (বৃহস্পতিবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	২৮ নভেম্বর ২০২১ খ্রি. (রবিবার)

আমি আরও জানাইতেছি যে, আগামী ১৪ অক্টোবর ২০২১ খ্রি. (বৃহস্পতিবার) হতে ০২ নভেম্বর ২০২১ খ্রি. (মঙ্গলবার) তারিখ পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯:০০ টা হইতে বিকাল ৫:০০ টা পর্যন্ত উল্লেখিত ঘারমোড়া ও দুলালপুর ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, হোমনা, কুমিল্লা) মনোনয়নপত্র গ্রহণ করা যাইবে।

স্বপন চন্দ্র বর্মন

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

রিটার্নিং অফিসার

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১

ঘারমোড়া ও দুলালপুর ইউনিয়ন

হোমনা, কুমিল্লা।

মোবাইল: ০১৯৯১-১৩৩৩৪৮

E-mail: urdohomna@brdb.gov.bd

তারিখ: ১ ৪ দিন ১ ০ মাস ২ ০ ২ ১ বৎসর

স্মারক নং- ৪৭.৬২.১৯৫৪.৮২৬.৫০.১২৬.২১.৩৪৪

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

০২। জেলা প্রশাসক, কুমিল্লা।

০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

০৪। পুলিশ সুপার, কুমিল্লা।

০৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা।

০৮। সহকারী পুলিশ সুপার, হোমনা সার্কেল, হোমনা, কুমিল্লা।

০৯। অফিসার ইন-চার্জ, হোমনা থানা, হোমনা, কুমিল্লা।

১০। উপজেলা নির্বাচন অফিসার, হোমনা, কুমিল্লা।

১১। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হোমনা, কুমিল্লা।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব/ হোমনা উপজেলা প্রেসক্লাব/ হোমনা থানা প্রেসক্লাব, হোমনা, কুমিল্লা (বহল প্রচারের অনুরোধসহ)।

১৩। সচিব, ঘারমোড়া/দুলালপুর ইউনিয়ন পরিষদ, হোমনা, কুমিল্লা।

(অত্র বিজ্ঞপ্তি তার ইউনিয়নের ওয়ার্ডের জনবহুল স্থানে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

১৪। নোটিশবোর্ড।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

রিটার্নিং অফিসার

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১

ঘারমোড়া ও দুলালপুর ইউনিয়ন

হোমনা, কুমিল্লা।